



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2023

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্কে গণতন্ত্রকে শক্তিশালী করতে গভর্নর হোকল আইনে স্বাক্ষর করেন

**আইন S.1381A/A.1722B সংশোধন প্রস্তাব ও ব্যালট ব্যবস্থা সরল ও বোধগম্য ভাষায়  
লিখতে নির্দেশ করে**

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইনে স্বাক্ষর করেছেন যাতে নিউ ইয়র্কবাসীগণ প্রস্তাবিত সাংবিধানিক সংশোধনী এবং নিউ ইয়র্ক স্টেটের ব্যালটে ভোটারদের কাছে রাখা অন্যান্য প্রশ্নাবলী সহজে বুঝতে পারে। এই আইনের অধীনে, প্রস্তাবিত সংশোধনী ও অন্যান্য ব্যালট ব্যবস্থা অবশ্যই সরল এবং স্পষ্ট ভাষায় ব্যাখ্যা করতে হবে যা ভোটারদের যে উপায়ে ভোট দিতে বলা হচ্ছে তা গ্রহণ বা প্রত্যাখ্যান করার বাস্তব প্রভাব বুঝতে দেয়।

"আমেরিকানদের প্রজন্ম ভোটের অধিকারের জন্য লড়াই করেছে এবং নিউ ইয়র্ক ব্যালট বাক্সে অ্যাক্সেস সুরক্ষিত ও ন্যায্যসঙ্গত করার জন্য আমাদের ভূমিকা পালন করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমি গর্বের সাথে নিউ ইয়র্কের জন. আর. লুইস ভোটিং রাইটস অ্যাক্ট (John R. Lewis Voting Rights Act) এ স্বাক্ষর করেছি এবং নতুন আইনটি প্রণয়ন করতে পেরে আনন্দিত, যা নিউ ইয়র্কবাসীকে প্রস্তাবিত সাংবিধানিক সংশোধনীর উপর ভোট দেওয়ার সময় অবহিত এবং সুরক্ষিত করা নিশ্চিত করবে।"

আইন S.1381A /A.1722B এর জন্য প্রস্তাবিত সাংবিধানিক সংশোধনীর প্রয়োজন হয় যা সরল ভাষায় লেখার জন্য একটি জনসাধারণের স্টেট ব্যাপী ভোটে জমা দেওয়া হয়। বিলটি অষ্টম গ্রেডের রিডিং লেভেল বা তার নিচের লেখার জন্য সকল ব্যালটের ভাষার জন্য এবং হ্যাঁ বা না ফর্ম্যাটে লেখার জন্য একটি মান নির্ধারণ করে, সুতরাং সকল নাগরিকের আত্মবিশ্বাসের সাথে তাদের ভোট দেওয়ার জন্য ন্যায্য সুযোগ রয়েছে।

যখন ব্যালটে প্রস্তাবিত সংশোধনী বা অন্যান্য প্রশ্ন ব্যাখ্যা করার জন্য ঘন ও জটিল ভাষা ব্যবহার করা হয়, তখন এটি ভোটারদেরকে যে সিদ্ধান্ত নিতে বলা হচ্ছে সে সম্পর্কে বিভ্রান্তিতে ফেলতে পারে। এর ফলে, কিছু ভোটার এই প্রশ্নাবলীতে ভোট না দেওয়ার সিদ্ধান্ত নিতে পারে বা ভাবতে পারে যে তারা প্রকৃতপক্ষেই তাদের পছন্দ অনুসারে ভোট দিয়েছে কিনা। এই ধরনের ব্যালট ব্যবস্থায় সরল ভাষা ব্যবহারের নির্দেশ করে, গভর্নর হোকল স্বাক্ষরিত আইনটি নিউ ইয়র্কবাসীকে ব্যালট বাক্সে আত্মবিশ্বাসের সাথে তাদের ভোট দেওয়ার ক্ষমতা প্রদান করবে এবং তাদের

কমিউনিটি এবং সকল স্টেটকে প্রভাবিত করে এমন গুরুত্বপূর্ণ প্রশ্নাবলীতে তাদের আওয়াজ শোনাতে সহায়তা করবে।

**স্টেট সিনেটর লেরয় কমরি বলেন,** “আমার সরল ভাষায় ব্যালট বিলটি আজ আইনে স্বাক্ষরিত হওয়া দেখে আমি কৃতজ্ঞ। ব্যালট নীতির ব্যবস্থাগুলোতে সহজে বোঝার জন্য বিষয়বস্তু সরবরাহ করে, আমরা আরো ভালোভাবে নিশ্চিত করতে পারি যে নির্বাচনে সত্যিকারের এবং পূর্ণ অংশগ্রহণ কেবল আইনত দক্ষ বা ইংরেজি ভাষায় সর্বাধিক দক্ষদের অধিকার নয়, তবে সকল ভোটারদের অধিকার। অ্যাসেম্বলিতে এই বিলটি পাশ করা জন্য এসেম্বলি সদস্য স্টেফানি জিনারম্যানকে ধন্যবাদ জানাতে চাই এবং আমি এই আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই।”

**অ্যাসেম্বলি সদস্য স্টেফানি জিনারম্যান বলেন,** “গভর্নর হোকলের এই বিলে স্বাক্ষর করার সাথে সাথে প্লেইন ল্যাঙ্গুয়েজ বিলটি একটি বৃহৎ ভোটাধিকারের বিজয়। এটি বৈধতা সহজ করার মাধ্যমে ভোটদানকারী জনসাধারণের জন্য সমতা তৈরি করে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য প্লেইং ফিন্ডকে এমন ভাষা দিয়ে সমান করে যা তাদেরকে আমাদের গণতন্ত্রে অংশ নেওয়ার ক্ষমতা প্রদান করে। এই বিলটিকে চ্যাম্পিয়ন করার জন্য আমি কমন কজ (Common Cause) ও সকল স্বাক্ষরতা অংশীদারদের এবং সেইসাথে আমাদের গণতন্ত্রের ভিত্তি রক্ষার জন্য আমার সহ-স্পন্সরদের ধন্যবাদ জানাতে চাই, যা আমাদের ভোটাধিকার।”

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)